বিএনপি আত্মসমর্পণ করার দল নয়: সমাজকল্যাণমন্ত্রী



সমাজকল্যাণমন্ত্রী জাহিদ হোসেন। ছবি: সংগৃহীত

বিএনপি কখনো দেশ ছেড়ে পালিয়ে যায়নি এবং দলটি আত্মসমর্পণ করার নয় বলে মন্তব্য করেছেন সমাজকল্যাণমন্ত্রী অধ্যাপক ডা. এ জেড এম জাহিদ হোসেন।

শনিবার (২৯ আগস্ট) সকালে দিনাজপুরের হাকিমপুর উপজেলার খট্টামাধবপাড়া ইউনিয়ন বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন।

সমাজকল্যাণমন্ত্রী বলেন, একসময় অনেকে বলেছিলেন ধাক্কা দিলেই বিএনপি ক্ষমতা থেকে চলে যাবে। এমনকি যারা বিএনপিকে কয়েক দিনও ক্ষমতায় থাকতে দেবে না বলে হুমকি দিয়েছিলেন, তারাই এখন দেশ ছেড়ে পালিয়ে গেছেন।

তিনি বলেন, বিএনপির প্রতিষ্ঠাতা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া কখনো আত্মসমর্পণ করেননি, আপস করেননি এবং জনগণকে একা রেখে দেশ ছাড়েননি।

জাহিদ হোসেন বলেন, বিএনপি জনগণের দল। জনগণকে সঙ্গে নিয়ে অন্যায়ের প্রতিবাদ করাই দলটির রাজনীতি। যারা বিএনপিকে ভয় দেখানোর বা চোখ রাঙানোর চেষ্টা করছেন, তাদের গণতন্ত্রের ভাষায় কথা বলার আহ্বান জানান তিনি।

তিনি আরও বলেন, গণতন্ত্র রক্ষা, পুনঃপ্রতিষ্ঠা ও ধারাবাহিকতা বজায় রাখার জন্য বিএনপি কাজ করে যাচ্ছে। জনগণকে সঙ্গে নিয়ে যেকোনো ষড়যন্ত্র মোকাবিলায় দলটি প্রস্তুত রয়েছে।